

২৪ Report

## বন্ধের ঘটনায় ৬শ' পরীক্ষা স্থগিত ৬ মাসের সেশন জুড়ে পড়তে হবে ঢাবি শিক্ষার্থীদের

শাহজাহান চন্দ

আগামী ২৮ অক্টোবর পর্যন্ত ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম বন্ধ থাকলে কর্তৃপক্ষকে বিভিন্ন বিভাগ অনুসন্ধানের সাড়ে ৬শ' পরীক্ষা স্থগিত করতে হবে। এতে বিশ্ববিদ্যালয়কে নতুন করে আগামী ৬ মাসের সেশনজুড়ে পড়তে হচ্ছে। ডায়ালগ এ সেশনজুড়ে কাটিয়ে ওঠা বিশ্ববিদ্যালয়ের জন্য দুর্ভাগ্য ব্যাপার হবে বলে জানিয়েছেন সর্পেন্টরা। তবে কর্তৃপক্ষ বলছে, পরিস্থিতি যাত্রাবিক থাকলে এটা পুঁথিয়ে নিতে সময় লাগবে না। গতকাল (শনিবার) ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভীনস কমিটি ও সার্ভিসেসের সভায় আগামী ২৮ অক্টোবর বিশ্ববিদ্যালয় খোলার সিদ্ধান্ত হয়।

খোলার এ সিদ্ধান্তে ঢাকা বিশ্ববিদ্যালয় পরিবারকে খানিকটা আশ্বস্ত করলেও ভ্যাল সেশনজুড়ের আশঙ্কায় ডাবিয়ে ডুলছে সবাইকে। বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রকের অফিস সূত্রে জানা গেছে, আগামী ২৮ অক্টোবর পর্যন্ত বন্ধ থাকলে তাদের বিভিন্ন বিভাগ ও ইনস্টিটিউটের সাড়ে ৬শ' পরীক্ষা স্থগিত করতে হবে। ২৮ অক্টোবর বুললেও

পরীক্ষা শুরু হবে নভেম্বরের দ্বিতীয় সপ্তাহে। এতে আরো কিছুদিন যোগ হবে সেশনজুড়ে। তবে পরীক্ষা নিয়ন্ত্রক বাহাদুর হক চৌধুরী জানিয়েছেন, সাধারণত বিশ্ববিদ্যালয় খোলার এক সপ্তাহ পর পরীক্ষা শুরু হয়। তাই এ নিয়ে শিক্ষার্থীদের উৎসাহ হওয়ার কোন কারণ নেই। সূত্র জানায়, স্থগিত পরীক্ষাগুলোর মধ্যে কার্জন হল কেন্দ্রে অনুষ্ঠিত বিজ্ঞান, জীববিজ্ঞান, ও ফার্মেসী অনুসন্ধান বিভাগের ১৬৪টি। পরীক্ষাগুলো হলো ২০০৬ সালের বিএসসি ২য় বর্ষের ৫২টি, ৩য় বর্ষের ১০টি, ২০০৫ সালের ৪য় বর্ষের ৬৮টি, ২০০৪ সালের এমএসের ২১টি, ২০০৫ সালের এমফার্মের ৮টি পরীক্ষা। কস্মোভন কেন্দ্রের কলা, সামাজিকবিজ্ঞান ও আইন অনুসন্ধানের পরীক্ষা স্থগিত হবে ২৫৪টি। এগুলো হলো ২০০৬ সালের বিএ-বিএসএস ২য় বর্ষের ৩৯টি, ৩য় বর্ষের ১১৬টি, ৪র্থ বর্ষের ৭টি, ২০০৪ সালের এমএর ১টি, ২০০৫ সালের এমএ-এমএসএস'র ৯১টি। বাণিজ্য অনুসন্ধান সূত্র জানায়, সামাজিক অনাকাঙ্ক্ষিত ঘটনার সময় অনুসন্ধানের প্রায় সব বিভাগেরই পরীক্ষা চলছিল। অনুসন্ধানের ৬টি বিভাগের প্রতিটির গড়ে ২৫টি করে পরীক্ষা

অনুষ্ঠিত হওয়ার কথা ছিল। অনুসন্ধানের ভীনস প্রফেসর সিরাজুল ইসলাম বলেন, ২৮ অক্টোবর বন্ধ থাকলে এ অনুসন্ধানের শতাধিক পরীক্ষা স্থগিত করতে হবে। তিনি বলেন, খোলার পর যতদ্রুত সম্ভব আমরা এ ক্ষতি পুঁথিয়ে নেব। বিভিন্ন বিভাগের মৌখিক পরীক্ষা বন্ধের মধ্যে নেয়া হবে বলেও তিনি জানান। এছাড়া ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিদপ্তর ও উপাদানকল্প কলেজগুলোর ২৬ ক্যাটাগরির পরীক্ষা স্থগিত করতে হবে। প্রতিটি ক্যাটাগরিতে সর্বনিম্ন ৪ থেকে ১০ পরীক্ষা পর্যন্ত রয়েছে বলে সর্পেন্ট সূত্র জানায়। সে অনুযায়ী অধিকতর ও উপাদানকল্প কলেজের দেড় শতাধিক পরীক্ষা স্থগিত হবে। পরীক্ষা নিয়ন্ত্রকের অফিস সূত্র জানায়, তারা এক ইতোপূর্বে আগামী ২৯ অক্টোবর পর্যন্ত পরীক্ষার ক্রটিন তৈরী করেছিল। বিশ্ববিদ্যালয় বন্ধ হয়ে যাওয়ায় এসব পরীক্ষা স্থগিত করতে হয়েছে। তবে এক সপ্তাহের মধ্যে পুনরায় ক্রটিন তৈরী করে পরবর্তী পরীক্ষা তারিখ ঘোষণা করা হবে। সূত্র জানায়, সাধারণত খোলার এক সপ্তাহ পর পরীক্ষা শুরু করতে হয়। সে অনুযায়ী নভেম্বরের দ্বিতীয় সপ্তাহে আগে পরীক্ষা শুরু করা সম্ভব নয়।